গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ আদালতের কার্যালয়, রাজশাহী
(প্রশাসন শাখা)
rajshahi.Judiciary.gov.bd

স্মারক নং- ১৮৯ /২৫-জি,

তারিখঃ ১৮ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ / ০১ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়ঃ দ্বিতীয় কারণ দর্শানো প্রসঙ্গে।

আপনি জনাব মোঃ নজরুল ইসলাম, বরখাস্তকৃত বেঞ্চ সহকারী, রাজশাহী জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসীর বিরুদ্ধে তৃতীয় সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিভিন্ন মামলায় জামিন প্রাপ্ত ০৪ (চার) জন আসামীর পক্ষে বেল বন্ড দাখিলের সময় নগদ ৪০০/- (চার শত) টাকা ঘুষ গ্রহণসহ বিভিন্ন সময়ে বিভিন্ন মামলায় জামিন প্রাপ্ত আসামীগণের পক্ষে বেল বন্ড দাখিলের সময় প্রত্যেকের জন্য পৃথক পৃথক অর্থ দাবী, এজলাসে রির্পোটিং অফিসারের সম্মুখে নিয়মতান্ত্রিক উপায়ে নথি উপস্থাপন না করিয়া স্বেচ্ছাচারিতা অবলম্বন ও জাবেদা নকলের জন্য মামলার নথি নকল খানায় প্রেরণের ক্ষেত্রে অর্থ আদায় ইত্যাদি কার্যের মাধ্যমে প্রতি মাসে অবৈধভাবে লক্ষাধিক টাকা অর্জন করায় আপনার বিরুদ্ধে ২০১৮ সনের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩ (ঘ) এবং কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত SAMGBAD 24 GHANTA (https://sangbad 24 ghanta.com/2025/04/08/) নামক প্রিন্ট মিডিয়ায় প্রচারিত ভিডিও ক্লিপ ও প্রকাশিত সংবাদ বিষয়ে আত্মপক্ষ সমর্থন করিয়া বিবৃতি প্রদানের অভিযোগে একই বিধিমালার ৩ (খ) বিধির অপরাধ সংঘটনের অভিযোগ আনয়ন করতঃ ০২/২০২৫ নং বিভাগীয় মামলা দায়েরপূর্বক আপনাকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ প্রদান করা হয়। কিন্তু আপনার দাখিলী জবাব ও ব্যক্তিগত শুনানীতে উপস্থাপিত কারণ পর্যাপ্ত ও সন্তোষজনক বিবেচিত না হওয়ায় রাজশাহীর চতুর্থ অতিরিক্ত জেলা ও দায়রা জজ জনাব মোঃ শফিউল আলমকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ প্রদান করা হইলে তিনি মামলাটি পুঙ্খানুপুঙ্খভাবে তদন্ত করিয়া আপনার বিরুদ্ধে ২০১৮ সনের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩ (ঘ) বিধির অপরাধ প্রমাণিত হইয়াছে মর্মে সিদ্ধান্ত প্রদান করিয়া তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

আপনার কৃত অপরাধ অত্যন্ত গুরুতর প্রকৃতির যাহা বিচার বিভাগের উজ্জ্বল ভাবমূর্তিকে মসীলিপ্ত করিয়াছে এবং তাহা দ্রুত ও জনকেন্দ্রিক বিচার ব্যবস্থা বাস্তবায়নে মারাত্মক বিঘ্ন সৃষ্টি করিতেছে বলিয়া নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রতীয়মান হয়। তাহা ছাড়া তদন্তকারী কর্মকর্তা আপনাকে একজন স্বভাবজাত উৎকোচ গ্রহণকারী (Habitual bribe receiver) সাব্যস্ত করিয়া সিদ্ধান্ত প্রদান করিয়াছেন। ফলে আপনার নিয়োগকারী কর্তৃপক্ষ হিসাবে নিম্নস্বাক্ষরকারী আপনাকে চাকুরী হইতে বরখাস্তকরণের (Dismissal from service) সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে।

আপনার দ্বারা সংঘটিত উপরোক্ত গুরুতর অপরাধ সুস্পষ্টভাবে প্রমাণিত হওয়ায় আপনাকে কেন চাকুরী হইতে বরখাস্ত (Dismissal from service) করা হইবে না তাহার কারণ আপনি এই নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্য দিবস মধ্যে দর্শাইবেন।

০১/৬/২০২৫

সংযুক্তিঃ
১। তদন্ত প্রতিবেদনের ফটোকপি- ০৩ ফর্দ (তিন পাতা)।

(গোলক চন্দ্র বিশ্বাস),
(গ্রেডেশন নং-১৬),
সিনিয়র জেলা ও দায়রা জজ,
রাজশাহী।
ই-মেইল: districtjudgecourt.rajshahi@gmail.com

স্মারক নং- ১৮৯ /২৫(৪)-জি,

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ / ০১ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হইল:
১। মাননীয় রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা,
২। জনাব মোঃ নজরুল ইসলাম, বেঞ্চ সহকারী (সাময়িক বরখাস্ত), চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, রাজশাহী ও
৩। অফিস কপি।

(মোঃ ফজলে রাব্বী),
প্রশাসনিক কর্মকর্তা,
জেলা ও দায়রা জজ আদালত,
রাজশাহী।